

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে
২১ আগস্ট গ্লেনেড হামলায় আহতদের চিকিৎসা সেবা সেলের উদ্বোধন

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সি ব্লকের নীচতলায় মঙ্গলবার ২০ মার্চ ২০১৮ইং তারিখ, সকাল ১১টায় ২১ আগস্ট গ্লেনেড হামলায় আহতদের চিকিৎসা সেবা সেলের উদ্বোধন করা হয়। ২১ আগস্ট গ্লেনেড হামলায় আহতদের চিকিৎসা সেবা সেলের শুভ উদ্বোধন করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান ও ২১ আগস্ট বাংলাদেশের সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক সফল উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় উপস্থিত ছিলেন ২১ আগস্ট গ্লেনেড হামলায় আহত মাননীয় সংসদ সদস্য এ্যাড. উম্মে রাজিয়া কাজল, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. এ কে এম সালেহ, সিভিকিট মেম্বার অধ্যাপক ডা. মোঃ ছয়েফ উদ্দিন আহমেদ, অতিরিক্ত পরিচালক (হাসপাতাল) ডা. নাজমুল করিম মানিক, ২১ আগস্ট বাংলাদেশের সাধারণ সম্পাদক মোঃ নাজিম উদ্দিন নাজমুল প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে ২১ আগস্ট বাংলাদেশের সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক সফল উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, কোনো সভ্য সমাজে ২১ আগস্ট গ্লেনেড হামলার কথা ভাবা যায় না। ওই হামলায় সাবেক রাষ্ট্রপতি মোঃ জিল্লুর রহমানের সহধর্মিনী প্রাণ হারান। এরপর থেকেই তিনি আজীবন বিরাট এক শূণ্যতা নিয়ে বেঁচে ছিলেন। তিনি বলেন, ২১ আগস্টের গ্লেনেড হামলার আর যাতে পুনরাবৃত্তি না হয়, সে জন্যই এই বর্ষ নির্মম হামলার দৃষ্টান্তমূলক বিচার হতে হবে।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ২১ আগস্ট গ্লেনেড হামলায় আহতদের চিকিৎসা সেবা সেল থেকে যথাসাধ্য সর্বোচ্চ চিকিৎসাসেবা প্রদান করা হবে। তিনি তাঁর বক্তব্যে বিশেষ কমিশন গঠন করে ২১ আগস্ট গ্লেনেড হামলার নেপথ্যে জড়িত পরিকল্পনাকারী ও ষড়যন্ত্রকারীদের খুঁজে বের করে বর্তমান সরকারের আমলেই শালিড় নিশ্চিত করার জোর দাবি জানান।

অন্য বক্তারা একুশে আগস্ট-এর গ্লেনেড হামলায় বিএনপি-জামায়াত জোটকে দায়ী করে দু' দলের শীর্ষ নেতৃবৃন্দকে বিচারের মুখোমুখি করার জোর দাবি জানান।

